শিল্পকলাতে আলোচনা সভা ও সাংস্কৃতি অনুষ্ঠান

“তোমারে দেবনা ভুলিতে”জাতীয় কবি কাজী নজরুল ইসলামের ১২৩ তম জন্মবার্ষিকী উপলক্ষে আলোচনা সভা ও সাংস্কৃতিক অনুষ্ঠান মেহেরপুর শিল্পকলা একাডেমী মিলনায়তনে অনুষ্ঠিত হয়েছে।
শনিবার (২৮ মে) দিবাগত রাত ৮ টার সময় সুর সাধনা সাংস্কৃতিক সংগঠণ এ আয়োজন করে।
সুর সাধনা সাংস্কৃতিক সংগঠণের সভাপতি ও মেহেরপুর সরকারী মহিলা কলেজের অধ্যক্ষ প্রফেসর রফিকুল ইসলামের সভাপতিত্বে অনুষ্ঠিত আলোচনা সভায় অতিথি হিসেবে বক্তব্য রাখেন, মেহেরপুর জজকোর্টের পাবলিক প্রসিকিউটর (পিপি) অ্যাডভোকেট পল্লভ ভট্টচার্য, মেহেরপুর শিল্পকলা একাডেমীর সাধারণ সম্পাদক সাইদুর রহমান, বিশিষ্ট সাংস্কৃতিক সংগঠক সিরাজুল ইসলাম ও গাংনী শহীদ স্মৃতি পাঠাগারের সহসভাপতি ছড়াকার ইয়াসিন রেজা।
এসময় উপস্থিত ছিলেন, সুর সাধনা সাংস্কৃতিক সংগঠণের সাধারণ সম্পাদক সাধনা খাতুন, বিশিষ্ট সঙ্গীত শিল্পী ফিরোজ হোসেন, গাংনী করমদী ডিগ্রী কলেজের প্রভাষক এএসএম সায়েম পল্টু, সূর্যোদয় স্কুল এন্ড কলেজের পরিচালক ও বিশিষ্ট কবি আবুল কাশেম, গীতিকার শহিদুল ইসলামসহ মেহেরপুরের বিশিষ্ট সাংস্কৃতিক ব্যাক্তিবর্গ উপস্থিত ছিলেন।
পরে কবির গান ও কবিতা নিয়ে মনোজ্ঞ সাংস্কৃতি অনুষ্ঠানের আয়োজন করা হয়।

মুজিবনগরের বাগোয়ান ইউপির এক কোটি ৬০ লাখ টাকার বাজেট ঘোষনা

মুজিবনগর উপজেলার বাগোয়ান ইউনিয়ন পরিষদের ২০২২-২৩ অর্থবছরে উন্মুক্ত বাজেট ঘোষনা করা হয়েছে।

রবিবার সকালে পরিষদ চত্বরে জনসম্মুখে এ বাজেট ঘোষনা করা হয়। বাজেট পাঠ করেন বাগোয়ান ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান আয়ুব হোসেন। এ সময় অন্যদের মধ্যে উপজেলা সমাজসেবা অফিসার আব্দুর রব,ইউপি সদস্য বাবুল মল্লিক, সোহরাব হোসেন,রফিকুল ইসলাম,সিবাস্তিন মল্লিক,রমজান আলী, আব্দুর রকিব,রিপন আলী,ওমর ফারুকসহ ইউনিয়ন পরিষদের সকল ইউপি সদস্যগন উপস্থিত ছিলেন।
২০২২-২০২৩অর্থ বছরের বাজেট প্রনয়নের উপর বিস্তারিত আলোচনা করা হয়। ১ কোটি ৬০ লক্ষ ৫২ হাজার ১ শত ৯৫ টাকার বাজেট ঘোষনা করা হয়।

মেহেরপুর পুলিশের অভিযানে ৯ জন গ্রেফতার

মেহেরপুরে পুলিশের অভিযানে বিভিন্ন মামলায় ৯ জন জন আসামী গ্রেফতার হয়েছে।
গ্রেফতারকৃতদের মধ্যে রয়েছে আদালতের পরোয়ানাভূক্ত জিআর মামলায় ১ জন, সিআর মামলায় ৩ জন ও নিয়মিত মামলায় ৫ জন আসামী রয়েছে। এসব আসামীদের মধ্যে গাংনী থানা পুলিশ ৪ জনকে, সদর থানা পুলিশ ২ জনকে ও মুজিবনগর থানা পুলিশ ৩ জনকে গ্রেফতার করেছেন।
শনিবার দিবাগত রাতে এই তিন থানার ভারপ্রাপ্ত কর্মকর্তার নেতৃত্বে পুলিশের একাধিক টীম অভিযান চালিয়ে তাদের গ্রেফতার করেন।
মেহেরপুর পুলিশ সুপারের কন্ট্রোল রুম এ তথ্য নিশ্চিত করেছেন। গ্রেফতারকৃতদের আজ রবিবার (২৯ মে) সকালের দিকে আদালতের মাধ্যমে মেহেরপুর জেল হাজতে প্রেরণ করা হয়েছে।

রতন সরকারের সঙ্গীত চর্চার ৫০

বছর

ওস্তাদ রতন সরকারের সঙ্গীত চর্চা ৫০ বছর। এই গুণী সঙ্গীত সাধকের হাত ধরে মেহেরপুর জেলার অনেক শিল্পী তৈরী হয়েছেন। তারা এখন বাংলাদেশ টেলিভিশন, বাংলাদেশ বেতারসহ বিভিন্ন মঞ্চে সংগীত পরিবেশন করে খ্যাতনামা হয়েছেন। ওস্তাদ রতন সরকার অঁজ পাড়া গায়ে থেকেও সঙ্গীতের আলো ছড়িয়ে যাচ্ছেন যুগের পর যুগ ধরে। সাদা মনের এই মানুষটি কখনো কারোর কাছে কোনো কিছুই চাননা। শুধু তার হাতে গড়া শিক্ষার্থীদের কাছ থেকে ভালবাসা চান।

মুজিবনগর স্মৃতিসৌধে নির্বাচন কমিশনারের পুষ্পস্তবক অর্পণ

মেহেরপুরের মুজিবনগরে মুক্তিযুদ্ধ স্মৃতি কমপ্লেক্স স্মৃতিসৌধে পুষ্পস্তবক অর্পণ করে মুক্তিযুদ্ধের সকল শহীদদের প্রতি শ্রদ্ধাঞ্জলি নিবেদন করেছেন নির্বাচন কমিশনার অবসরপ্রাপ্ত ব্রিগেডিয়ার জেনারেল আহসান হাবিব খান।

শনিবার সকালে মেহেরপুরে আগমন করেন নির্বাচন কমিশনার বিগ্রেডিয়ার জেনারেল আহসান হাবিব খান (অবঃ) এবং দুপুরের দিকে মেহেরপুর পৌর কমিউনিটি সেন্টারে মেহেরপুর পৌরসভা ও ইউনিয়ন পরিষদের সাধারণ নির্বাচন উপলক্ষে প্রতিদ্বন্দ্বি প্রার্থীদের সাথে বাংলাদেশ নির্বাচন কমিশনের মতবিনিময় সভায় প্রধান অতিথির বক্তব্যে রাখেন।

ঐ দিন বিকেলে মুজিবনগর স্মৃতিসৌধের পুষ্পস্তবক অর্পণ করেন এবং মুজিবনগর মুক্তিযুদ্ধ স্মৃতি কমপ্লেক্স এর মুক্তিযুদ্ধ ভিত্তিক বিভিন্ন স্থাপনা ও মুজিবনগর স্বাধীনতা সড়ক পরিদর্শন করেন।

এ সময় নির্বাচন কমিশনার এর সাথে ছিলেন, বাংলাদেশ নির্বাচন কমিশনের যুগ্ম সচিব নুরুজ্জামান তালুকদার, খুলনা আঞ্চলিক নির্বাচন কর্মকর্তা ইউনুস আলী, মেহেরপুর জেলা নির্বাচন অফিসার আবু আনছার, চুয়াডাঙ্গা জেলা নির্বাচন কর্মকর্তা ও মেহেরপুর

পৌরসভা নির্বাচনে রিটার্নিং অফিসার তারেক আহমেদ মুজিবনগর থানা ইনচার্জ (ওসি) মেহেদি রাসেল, মুজিবনগর উপজেলা সমাজ সেবা কর্মকর্তা আব্দুর রব।

মেহেরপুর মেয়েকে উত্ত্যক্ত করাই মডেলকে লাঠিপেটা করলেন মা

মেহেরপুর শহরে মেয়েকে উত্ত্যক্ত করায় এক মডেলকে লাঠি দিয়ে বেদম পিটিয়েছে ওই মেয়ের মা। এঘটনায় একটি ভিডিও ভাইরাল হওয়ায় চাঞ্চল্যের সৃষ্টি হয়েছে শহরে।

প্রতিবাদকারী ওই মা বলেছেন আমার মেয়েকে সে বারবার উত্ত্যক্ত করে আসছিলেন। তাকে নিষেধ করার পরেও শোনেনি। তাই তাকে প্রকাশ্যে লঠিপেটা করে প্রতিবাদ জানিয়েছি।

গত শুক্রবার বিকালের দিকে মেহেরপুর শহরের শহীদ সামসুজ্জোহা পার্কে লাঠি দিয়ে পেটানোর ঘটনা ঘটলে শনিবার থেকে ভিডিওটি ছড়িয়ে পড়ে সামাজিক যোগাযোগ মাধ্যমে।

ভিডিওতে দেখা যায়, শহরের শহীদ শামসুজ্জোহা পার্কে সোহেল নামে ওই যুবককে পেটাচ্ছেন এক নারী। ভুক্তভোগীর মা জানান, দীর্ঘদিন ধরেই তার মেয়েকে উত্ত্যক্ত করছিল হোটেল বাজার এলাকার সোহেল। বারবার নিষেধের পরও কথা শুনছিল না সে। তাই কোনো উপায় না পেয়ে শুক্রবার লাঠি দিয়ে পোটানো হয়।

মডেল যুবক স্থানীয় একটি ক্যাবল অপারেটরের নিজস্ব চ্যানেলে মডেলিং-এ জড়িত। মেয়েটিও সেখানে মডেলিং করতেন বলে তার দাবি। ওই মেয়ে তার সঙ্গে আর্থিক প্রতারণা করেছেন বলেও অভিযোগ করেন এ যুবক।

মাধ্যমিক পর্যায়ে শ্রেষ্ঠ

প্রধান শিক্ষক হওয়ায়

আশরাফুজ্জামানকে সংবর্ধনা

জাতীয় শিক্ষা সপ্তাহ ২০২২ এ মেহেরপুর জেলার শ্রেষ্ঠ মাধ্যমিক শিক্ষা প্রতিষ্ঠান প্রধান নির্বাচিত হওয়ায় আর আর মাধ্যমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক আশরাফুজ্জামানকে সংবর্ধনা দিয়েছে বিদ্যালয়ের সহকারী শিক্ষক ও শিক্ষার্থীরা।

শনিবার সকাল ১১ টার দিকে ফুল দিয়ে নিজ বিদ্যালয়ে প্রধান শিক্ষক আশরাফুজ্জামানকে সংবর্ধনা দেওয়া হয়। এ নিয়ে চার বার মেহেরপুর জেলার মাধ্যমিক পর্যায়ে শ্রেষ্ঠ প্রধান শিক্ষক হওয়ার গৌরব অর্জন করেন তিনি।

এ বিষয়ে আশরাফুজ্জামান বলেন, জাতীয় শিক্ষা সপ্তাহ ২০২২ এ মেহেরপুর জেলার শ্রেষ্ঠ শিক্ষা প্রতিষ্ঠান প্রধান নির্বাচিত হওয়ায় সংশ্লিষ্ট সকলের প্রতি আমি কৃতজ্ঞতা প্রকাশ করছি । অভিভূত হয়েছি আমার বিদ্যালয়ের সকল শিক্ষক ও শিক্ষার্থীদের উষ্ণ অভিনন্দনে। তাদের প্রতি আমি কৃতজ্ঞ আমাকে যারা অভিনন্দন জানিয়েছেন। আর যারা জানাতে পারেননি তাঁদের প্রতি রইলো আমার অকৃত্রিম ও আমৃত্যু ভালোবাসা । মহান আল্লাহতালা সকলকে সুস্থ রাখুন ভাল রাখুন।

এসময় বিদ্যালয়ের সকল শিক্ষক ও বিভিন্ন শ্রেনীর শিক্ষার্থীরা উপস্থিত ছিলেন।

মেহেরপুরে ত্রৈমাসিক বিচার

বিভাগীয় সম্মেলন অনুষ্ঠিত

মেহেরপুরে ত্রৈমাসিক বিচার বিভাগীয় সম্মেলন জেলা ও দায়রা জজ

আদালতের মিলনায়তনে অনুষ্ঠিত হয়েছে। শনিবার সকাল সাড়ে ৯ টার সময় এ সম্মেলন শুরু হয়ে দিনব্যাপি উন্মুক্ত আলোচনা হয়।

মেহেরপুর বিজ্ঞ জেলা ও দায়রা জজ মোহাম্মদ ওয়ালিউল ইসলামের সভাপতিত্বে অনুষ্ঠিত বিভাগীয় সম্মেলনে প্রধান অতিথি ছিলেন শিশু ও নারী নির্যাতন দমন ট্রাইব্যুনালের বিজ্ঞ বিচারক মোঃ তোহিদুল ইসলাম।

বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মেহেরপুর জেলা ম্যাজিস্ট্রেট ও জেলা প্রশাসক ড. মোহাম্মদ মনসুর আলম খান, মেহেরপুর পুলিশ সুপার রাফিউল আলম, মেহেরপুর সিভিল সার্জনের প্রতিনিধি ডাক্তার অলক কুমার, পাবলিক প্রসিকিউটর (পিপি) অ্যাডভোকেট পল্লভ ভট্টাচার্য, মেহেরপুর জেলা আইনজীবী সমিতির সভাপতি মারুফ আহমেদ বিজন।

দিনব্যাপি আনুষ্ঠিত আলোচনা সভায় আদালতের বিদ্যমান মামলার পরিসংখ্যান উপস্থাপন করেন মেহেরপুর যুগ্ম জেলা ও দায়রা জজ মোহাম্মদ হেলাল উদ্দিন। জেলার দেওয়ানি ও ফৌজদারি মামলা দ্রুত নিষ্পত্তিতে প্রতিবন্ধকতা দূরীকরণ বিষয়ক উন্মুক্ত আলোচনা করা হয়।

উন্মুক্ত আলোচনায় বিজ্ঞ পিপি ও জিপিগণ মামলা ত্বরান্বিত করার বিষয়ে বিভিন্ন পরামর্শ তুলে ধরেন। বিজ্ঞ জেলা ম্যাজিস্ট্রেট তার বক্তব্যে দেওয়ানি ও ফৌজদারি মামলা সম্পর্কে বিভিন্ন দিক তুলে ধরেন। বিশেষ করে দেওয়ানী/ফৌজদারি মামলায় জেলা প্রশাসনের বিভিন্ন কার্যক্রমের চিত্র উপস্থাপন করেন।

মেহেরপুর পুলিশ সুপার রাফিউল আলম আদালতে চলমান মামলায় সাক্ষী হাজির এর বিষয়ে গুরুত্ব আরোপ করেন।

চাইতাম এক পুত্র সন্তান, আল্লাহ দিয়েছেন তিন সন্তান

এক কন্যা সন্তানের পর এবার এক সাথে তিনটি পুত্র সন্তানের জন্ম

দিলেন আখি খাতুন নামের এক গৃহবধু। গৃহবধু রুশিয়া খাতুন গাংনী উপজেলার বাওট গ্রামের ইলেক্ট্রনিক মেকানিক রঞ্জু আহম্মেদের স্ত্রী।

গত বৃহস্পতিবার রাজশাহী মেডিকেল কলেজ হাসপাতালের প্রসূতি বিভাগে তিনটি পুত্র সন্তানের জন্ম দেন এই গৃহবধু। এই তিন সন্তানের আগেও ওই গৃহবধুর জান্নাতুল মাওয়া নামের ৭ বছর বয়সী এক কন্যা সন্তান রয়েছে।

রঞ্জু আহম্মেদ জানান, আমার প্রথম সন্তান কন্যা। বর্তমানে তার বয়স ৩ বছর। আমরা এবার আল্লাহর কাছে একটা পুত্র সন্তান চাইতাম। এবার আল্লাহ আমাদের সেই চাওয়া এক সাথে তিন পুত্র সন্তান দিয়ে পুরুণ করেছেন।

আমি ও আমার পরিবারের সবাই খুব খুশি। আমার স্ত্রী ও সন্তানগুলো এখন সবাই সুস্থ্য রয়েছেন। বর্তমানে নিজ বাড়ি বাওট গ্রামে রয়েছে বলে জানান তিনি।তবে বাচ্ছাগুলোর এখনো কোনো নাম ঠিক করা হয়নি বলেও জানালেন তিনি।

চড়ে দেখার কথা বলে মোটরসাইকেল নিয়ে চম্পট প্রতারক

অভিনব কায়দায় ব্যবসায়ীর কাছ থেকে এ্যাপাচি মোটরসাইকেল নিয়ে সটকে পড়েছে প্রতারক। শনিবার বেলা ২ টার দিকে গাংনী উপজেলা শহরের হাসপাতাল বাজারে এ ঘটনা ঘটে।

পুরাতন মোটরসাইকেল বিক্রেতা ও মেকার আতিয়ার রহমান জানান, দুপুরের দিকে ক্রেতা সেজে এক প্রতারক দোকানে আসে। নিজের নাম বিপ্লব পরিচয় দিয়ে তার বাড়ি হেমায়েতপুর গ্রামে বলে জানায় সে।

পরে রেজিস্ট্রেশনের জন্য আবেদন করা একটি এ্যাপাচি আরটিআর মোটরসাইকেল চড়ে দেখার নাম করে নিয়ে পালিয়ে যায়।পরে ঘন্টার পর ঘন্টা অপেক্ষা করেও সে আর ফিরে আসেনি।